

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নং-১৩

তারিখঃ আগস্ট ২৭, ২০০৯

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

আমদানীর বিপরীতে অগ্রীম অর্থ পরিশোধ

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স, ভলিউম-১(২০০৯), অধ্যায়-১৩ এর অনুচ্ছেদ নং-২৯(iii) এ নির্দেশিত শর্তসমূহ পরিপালনক্রমে অনুমোদিত ডিলারগণ রপ্তানীকারকের পক্ষে তাঁর রিটেনশন কোটা হিসাব (Exporter's Retention Quota বা ERQ) হতে অনধিক মাঃডঃ ৫,০০০ বা সমপরিমান বৈদেশিক মুদ্রা প্রকৃত ব্যবসায়িক উদ্দেশ্যে (bonafide business purposes) অগ্রীম পরিশোধের জন্য প্রাধিকার প্রাপ্ত। এক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, রিটেনশন কোটা হিসাব হতে অগ্রীম নির্বাহযোগ্য ব্যয়ের সীমা হবে মাঃডঃ ১০,০০০ বা সমপরিমান বৈদেশিক মুদ্রা।

০২. উল্লিখিত উপ-অনুচ্ছেদে পরিপালণীয় অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৩. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকারপূর্বক প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশনাটি সংশ্লিষ্ট সকল পক্ষের গোচরীভূত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যস্থাপক

ফোন : ৯৫৩০২৫০